গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,জয়পুরহাট।
(স্থানীয় সরকার শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর- ৪৬.৪৩.৩৮০০.০০৭.০৪.০৪৪.১৯-৪৮৯(১৮০)

তারিখঃ ০২ কার্তিক, ১৪২৬
১৮ অক্টোবর, ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের, ইউপি-২ অধিশাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-৪৩৫, তারিখ:০৭-১০-২০১৯ খ্রিঃ মূলে প্রদত্ত ছাড়পত্রাদেশের প্রেক্ষিতে জয়পুরহাট জেলার নির্বাচিত ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদের নিম্নবর্ণিত শূন্যপদগুলো পূরণের জন্য স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ (১৩/০৭/২০১৬ তারিখে প্রকাশিত সংশোধিত গেজেট এবং ১৫/১১/২০১৬ তারিখে প্রকাশিত অধিকতর সংশোধিত গেজেট) মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকুরির আবেদন ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	মন্তব্য
০১	হিসাব সহকারী-কাম- কম্পিউটার অপারেটর	১০ (দশ) টি	গ্রেড-১৬ স্কেল-৯,৩০০-২২,৪৯০/-	ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ- তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; গ) কম্পিউটার টাইপিং- এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ।	বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়

আবেদন পত্রের শর্তাবলী :

০১. আবেদনপত্র জেলা প্রশাসক, জয়পুরহাটকে সম্বোধন করে লিখিত আবেদনপত্র ১১/১১/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালিন (বিকাল ৫.০০ টার) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয় , জয়পুরহাট এর স্থানীয় সরকার শাখায় পৌঁছাতে হবে;

০২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ইহার স্বপক্ষে পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে;

০৩. প্রার্থী নির্বাচনে সরকারি বিধি ও কোটানীতি অনুসরণ করা হবে । প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে ;

০৪. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে আবেদন করতে হবে। সেক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না। চাকুরীরত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য নয়;

০৫. আগামী ১১/১১/২০১৯ তারিখ প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি বিধিমোতাবেক সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;

০৬. যে কোন তফসীলী ব্যাংক হতে জেলা প্রশাসক, জয়পুরহাট এর আনুকূলে দরখাস্তের সাথে =৩০০(তিন শত) টাকা ব্যাংক ড্রাফট/ পে অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

০৭. প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা হলে অথবা মুক্তিযোদ্ধার পোষ্য হলে সেক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটায় আবেদিত প্রার্থীদের অন্যান্য সাধারণ তথ্যের সাথে নিম্নবর্ণিত ছকে মুক্তিযোদ্ধাদের তথ্য সন্নিবেশন করতে হবে ।

প্রার্থীর নাম	মুক্তি যোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তি বার্তা নং	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতিয় পরিচয় পত্র , পিতা মাতার জাতীয় পরিচয় পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোস্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য

০৮. আবেদনপত্রের সঙ্গে (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত প্রার্থীর পাসপোর্ট সাইজের (৫X৫ সে.মি আকারের) সদ্যতোলা ০৩(তিন) কপি রঙ্গিন ছবি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র (গ) নাগরিক সনদপত্র (ঘ) শিক্ষাগতযোগ্যতা , কম্পিউটার প্রশিক্ষণ ও কম্পিউটার টাইপিং-এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও আন্যান্য সনদ পত্র(যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে । ছবিসহ সংযুক্ত সকল কাগজপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সুস্পস্ট সীল থাকতে হবে;

০৯. নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা উল্লেখপূর্বক ১০/-(দশ) টাকার ডাক টিকেট লাগানো একটি ১০"X৪" ইঞ্চি খাম আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। খামের উপরে পদের নাম, উপজেলার নাম এবং প্রার্থী কোটা সুবিধার (মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটা) আওতায় আবেদন করলে আবেদনপত্র ও খামের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ;

১০. কোন তথ্য গোপন করে ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১১. প্রার্থীদেরকে বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১২. সাক্ষাৎকার গ্রহণকালীন প্রার্থীকে তার সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১৩. কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল এবং শূন্য পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪. প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নিম্নবর্ণিত ফরমে আবেদন করতে হবে। চাকুরীর নিয়োগ বিজ্ঞপ্তিটি ও আবেদন ফরম জেলা প্রশাসক, জয়পুরহাট এর ওয়েব সাইট www.joypurhat.gov.bd-তে পাওয়া যাবে।

১৫. নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার কারণ ব্যতিরিকে কর্তৃপক্ষ যে কোন সময়ে /পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন

১৬. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে রীট পিটিশন নং-১১৪৭৬/২০১৭ হতে উদ্ভুত লীভ-টু-আপীল মামলা নং-৪৫২/২০১৮ এর গত ০৫/০২/২০১৮ তারিখ আদেশ, রীট পিটিশন নং-১৬৭১৪/২০১৭ হতে উদ্ভুত লীভ-টু-আপীল মামলা নং-৭৬৭/২০১৮ এবং রীট পিটিশনং নং-১৫৯৬০/২০১৭ হতে উদ্ভুত লীভ-টু-আপীল মামলা নং-৭০৭/২০১৮ এ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ০১/০৩/২০১৯ তারিখের আদেশ প্রতিপালন করা হবে।

স্বাক্ষরিত/-
১৮/১০/২০১৯
(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ ০৫৭১-৬২২০৮
ই-মেইল: dcjoypurhat@mopa.gov.bd

নম্বর- ৪৬.৪৩.৩৮০০.০০৭.০৪.০৪৪.১৯- ৪৮২(১৬)

তারিখঃ ০২ কার্তিক, ১৪২৬
১৮ অক্টোবর, ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০৪. জেলা প্রশাসক .... (সকল)।

০৫. পুলিশ সুপার, জয়পুরহাট।

০৬. সিভিল সার্জন, জয়পুরহাট।

০৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/এলজিইডি, জয়পুরহাট।

০৮. জেলা..কর্মকর্তা(সকল), জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর, পাঁচবিবি, কালাই, ক্ষেতলাল ও আক্কেলপুর, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০. উপজেলা নির্বাহী অফিসার জয়পুরহাট সদর/পাঁচবিবি/কালাই/ক্ষেতলাল/আক্কেলপুর, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১. মেয়র, জয়পুরহাট/পাঁচবিবি/ কালাই/ ক্ষেতলাল/ আক্কেলপুর পৌরসভা, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২. জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩. চেয়ারম্যান, ইউপি(সকল),জয়পুরহাট। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

১৪. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট। তাঁকে এই বিজ্ঞপ্তিটি ও জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চাকুরির আবেদন ফরমটি জয়পুরহাট জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল পত্রিকা, THE NEW AGE পত্রিকা। তাঁকে উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামি ২০/১০/২০১৯ তারিখে প্রকাশিত পত্রিকায় ভিতরের পাতার ০৩(তিন) কলামে ৮ ইঞ্চির মধ্যে প্রকাশ করতে অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২(দুই) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮.১০.১৯
(ইশরাত ফারজানা)
উপ পরিচালক
স্থানীয় সরকার
জয়পুরহাট
ফোনঃ ০৫৭১-৬২২৪৯
ই-মেইল:ddlgjoypurhat@gmail.com